



কর্ণফুলী গ্যাস ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড

(পেট্রোবাংলার একটি কোম্পানী)

Karnaphuli Gas Distribution Company Ltd.

(A company of Petrobangla)

সূত্র : ২৮.১৫.০০০০.১০৮.০৪.০৪০.১৯-২৭৭৫

তারিখ : ০১.০৭.২০১৯

অফিস আদেশ

মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রকাশিত ‘মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংক্রান্ত নির্দেশিকা’ [কপি সংযুক্ত] এর মাধ্যমে প্রদত্ত নির্দেশনার আলোকে কোম্পানীর নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে একটি ‘এপিএ টিম’ গঠন করা হলো :

১।	জনাব মোঃ ফিরোজ খান মহাব্যবস্থাপক, প্রশাসন ডিভিশন	টিম লিডার
২।	জনাব প্রদ্যোত কুমার সাহা উপ-মহাব্যবস্থাপক, হিসাব ডিপার্টমেন্ট	ফোকাল পয়েন্ট
৩।	প্রকৌঃ মোঃ নাহিদ আলম উপ-মহাব্যবস্থাপক, পাইপ লাইন ও পুর নির্মাণ ডিপার্টমেন্ট	সদস্য
৪।	প্রকৌঃ হাসান সোহরাব উপ-মহাব্যবস্থাপক (চ. দা.), আইটি ডিপার্টমেন্ট	সদস্য
৫।	জনাব তুষার মধু উপ-ব্যবস্থাপক, ব্যাংক উপ-শাখা, ফিন্যান্স ডিভিশন	সদস্য

টিমের কার্যপরিধি (TOR) :

- ১) টিম প্রতি মাসে ন্যূনতম একবার সভায় মিলিত হবে এবং এপিএ বাস্তবায়নের বিষয়টি নিয়মিত পর্যালোচনা ও তদারকি করবে।
- ২) টিম লিডার এপিএ’র অগ্রগতি বিষয়ে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়কে নিয়মিত অবহিত করবেন।
- ৩) টিমের ফোকাল পয়েন্ট এপিএ সংক্রান্ত সকল প্রশাসনিক কাজ সম্পাদন করবেন, কোম্পানীর সাথে পেট্রোবাংলা/বিভাগ/মন্ত্রণালয়ের সাথে সংশ্লিষ্ট বিষয়ে যোগাযোগের ক্ষেত্রে সমন্বয়ের দায়িত্ব পালন করবেন এবং কোম্পানীর এপিএ সংশ্লিষ্ট তথ্যাদি ওয়েবসাইটে হালনাগাদ থাকার বিষয়টি নিশ্চিত করবেন।
- ৪) টিম মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রকাশিত ‘মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের ২০১৯-২০ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সংক্রান্ত নির্দেশিকা’ অনুসারে কার্য সম্পাদন করবে।
- ৫) এছাড়া, টিম প্রয়োজনবোধে এতদসংশ্লিষ্ট অন্যান্য যে কোন বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণ করবে।

গঠিত টিম এপিএ সংক্রান্ত বিষয়ে ‘স্ট্যান্ডিং টিম’ হিসেবে দায়িত্ব পালন করবে।

যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


(মোঃ ফিরোজ খান)

মহাব্যবস্থাপক (প্রশাসন)

সংযুক্তি : বর্ণনামতে।

বিতরণ : টিম লিডার/ফোকাল পয়েন্ট/সদস্য/....., কেজিডিসিএল, চট্টগ্রাম।

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. উপ-ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, কেজিডিসিএল, চট্টগ্রাম।
২. সংশ্লিষ্ট ডিভিশন/ডিপার্টমেন্ট প্রধান....., কেজিডিসিএল, চট্টগ্রাম।
৩. অফিস কপি।